

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০০.১৬-৬৫১

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৬ ব.
০৯ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলার ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএলএ নং-১২৫৪/২০১৮ মামলার ১৪/০৭/২০১৯ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্রঃ (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখঃ ০৬/৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখঃ ৩১/৫/২০১০ খ্রি.
(৩) প্রধান শিক্ষক, ফুলকোচা উচ্চ বিদ্যালয়, মেলাদহ, জামালপুর এর আবেদন, তারিখঃ ২৫/৮/১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন ফুলকোচা উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত তালিকায় সূত্রোক্ত (১) নং স্মারকের ৪১ নং ক্রমিকে নির্বাচিত হয়।

০২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে প্রকাশিত চূড়ান্ত তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির এসএসসি ভোকেশনাল শাখার নাম বাদ দেয়া হয়।

০৩। ফলে উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, জনাব মোঃ সোলায়মান আলী কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ দায়ের করা হয়। গত ২৬/০২/২০১৭ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক অন্য আরো একটি মামলার (১১০৬২/২০১৫) সাথে একত্রে রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলায় প্রদত্ত রায়/নির্দেশনার অংশবিশেষ নিম্নরূপ-

"In the result, both the Rule are made absolute. The impugned memo no sim/sha-13/MPO-12/2009/209 dated 31.05.2010 so far as it relates to the cancellation of the name of the petitioner's School issued by the respondent No. 3 Senior Assistant Secretary, Shakha-13, Ministry of Education is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect".

০৪। উল্লিখিত রিট মামলার রায়/নির্দেশনা সরকারের প্রতিকূলে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিপিএলএ ১২৫৪/২০১৮ দায়ের করা হয়। গত ১৪/০৭/২০১৯ তারিখে মাননীয় আপীল আদালত কর্তৃক অন্য একটি সিপিএলএ মামলার (আপিল নং-১৪৮০/২০১৮ যা উক্ত রিট পিটিশন নং-১১০৬২/২০১৫ হতে উদ্ধৃত) সাথে আপিল নং-১২৫৪/২০১৮ এর বিষয়ে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়-

"The leave petitions are out of time by 395 and 637 days respectively in C.P No 1480 of 2018 and C.P No. 1254 of 2018 but the explanations offered seeking condonation of delay are not at all satisfactory.

Accordingly, the leave petitions are dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায়/আদেশ অদ্যাবধি বহাল ও বলবৎ রয়েছে।

০৫। বর্ণিত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কর্তৃক সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে রিট মামলা ও আপীল মামলার রায়ের ছায়ািলিপিসহ উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য সচিব, টিএমইডি বরারব আবেদন দাখিল করা হয়।

০৬। যেহেতু রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিপিএলএ মামলা খারিজ হয়ে যাওয়ায় (তোমাদিবারিত মর্মে উল্লেখপূর্বক) রিট মামলার রায়/আদেশ বাস্তবায়ন ব্যতিত সরকার পক্ষে আইনগত অন্য কোন প্রতিকার পাওয়ার সুযোগ নেই সেহেতু রিট মামলার রায়/আদেশ বাস্তবায়ন করা আবশ্যিক।

০৭। এক্ষেত্রে, নিয়োক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলার বিগত ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিপিএলএ নং-১২৫৪/২০১৮ মামলাটি ১৪/০৭/২০১৯ তারিখের আদেশে খারিজ হয়ে যাওয়ায় রিট মামলার রায়/আদেশ অনুযায়ী (যেহেতু মহামান্য হাইকোর্ট কর্তৃক সুনির্দিষ্ট তারিখ উল্লেখক্রমে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির কোন নির্দেশনা দেয়া হয়নি) অক্টোবর/২০১৯ মাস হতে জামালপুর জেলার মেলাদহ উপজেলাধীন ফুলকোচা উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি (এসএসসি (ভোক:) শাখা সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের) এমপিওভুক্ত করা;

(খ) সে সাথে এরূপ ঘটনার (সরকার পক্ষে এ মামলায় ন্যূনতম কোন পদক্ষেপ না নেয়া) পুনরাবৃত্তি রোধের নিমিত্ত চলমান মামলাসমূহে মনিটরিং বাড়াণো;

০৮। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণপূর্বক আগামি ৩০/১২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে (প্রমাণক্রমসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মোঃ আঃ খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। প্রধান শিক্ষক, ফুলকোচা উচ্চ বিদ্যালয়, পো: ফুলকোচা, উপজেলা- মেলাদহ, জেলা- জামালপুর।

৬। অফিস কপি/মাস্টার কপি।